

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬১.২০২০-২৫৪

তারিখ: ১০ চৈত্র ১৪২৭।
২৪ মার্চ ২০২১।


বিষয়: বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের পদ শূন্য হওয়ায় উপনির্বাচন অনুষ্ঠান।

সূত্র: স্থানীয় সরকারি বিভাগ-এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬১.২০২০-২৫৩; তারিখ: ২৪ মার্চ ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য জনাব নিলিমা হালদার ১৪ মার্চ ২০২১ তারিখে পদত্যাগ করায় বর্ণিত উপজেলা পরিষদের মহিলা সংরক্ষিত পদটি উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ {উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত} এর ১৪(১)(গ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হয় (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য পদ শূন্য হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ {উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত} অনুযায়ী উপনির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।


মমতাজ বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

সিনিয়র সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ২। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট, বাগেরহাট।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মোল্লাহাট, বাগেরহাট।
- ৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট, বাগেরহাট।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।